

## শিক্ষা প্রতিষ্ঠানে মূসক বাতিল না করলে আন্দোলন : ছাত্রদল

যুগান্তর রিপোর্ট

প্রস্তাবিত বাজেটে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ-প্রকৌশল কলেজের ওপর মূল্য সংযোজন কর (মূসক) আরোপের সিদ্ধান্ত বাতিলের দাবি জানিয়েছে ছাত্রদল। বাজেট পাস হওয়ার আগেই এ দাবি মেনে নেয়া না হলে আন্দোলনের ঘোষণা দেয়া হবে বলে জানিয়েছে সংগঠনটি। সোমবার দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষে সিনিয়র যুগ্ম সম্পাদক আসাদুজ্জামান আসাদ এ ঘোষণা দেন।

লিপিত বক্তব্য তিনি বলেন, দেশের ৭০ শতাংশ ছাত্রছাত্রী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করে। ওইসব প্রতিষ্ঠানের ওপর মূসক আরোপ করা হলে ছাত্র সমাজের একটি বিশাল ভ্রংশ আর্থিক ক্ষতির সম্মুখীন হবে। এমনকি তাদের শিক্ষাজীবনও হুমকির মুখ পড়তে পারে। ছাত্রদল সাধারণ শিক্ষার্থীদের কথা চিন্তা করে অবিলম্বে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ওপর আরোপিত ১০ শতাংশ মূসক প্রত্যাহারের দাবি জানাচ্ছে।

সংবাদ সম্মেলনের শুরুতে সংগঠনের সহ-সভাপতি এজনন হোসেন পাইলট জানান, সভাপতি রাজিব আহসান ও সম্পাদক আকরামুল হাসানসহ কেন্দ্রীয় অনেক নেতা নামলা ও ছলিমার কারণে সংবাদ সম্মেলনে উপস্থিত থাকতে পারেননি। ছাত্রদল নেতাকর্মীদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবিতে জানান তিনি। পাশাপাশি বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মিজা ফখরুদ ইসলাম আলমগীর, জ্যেষ্ঠ নেতা ড. নাদকার মোশাররফ হোসেন, গয়েশ্বর চন্দ্র রায়, শামসুজ্জামান দুদু, আবদুস সালাম পিটু, রুহুল কবির রিজভীসহ কেন্দ্রীয় নেতাদের মুক্তি পাবি করেছে ছাত্রদল। সংবাদ সম্মেলনে ছাত্রদল সহ-সভাপতি নাজমুল হাসান, জয়িকুল ইসলাম বিলব, আবু আতিক আল হাসান পিটু, জাকির হোসেন খান, জয়দেব ডর, যুগ্ম সম্পাদক ফয়েজউল্লাহ ফয়েজ, মামুন হোসেন উইয়া, মাহফুজুর রহমান, বিএম নাজিম মাহমুদ, আরিফা সুলতানা রুমা প্রমুখ উপস্থিত ছিলেন।